

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১১৩৭

২৮. বিবাহ সম্পর্কিত অধ্যায় (كتاب النكاح) পরিচ্ছেদঃ ১৬. কিতাবীগণের দাসীকে বিবাহ করা নিষিদ্ধ প্রসঙ্গে

بَابِ النَّهْيِ عَنْ نِكَاحِ إِمَاءِ أَهْلِ الْكِتَابِ

আরবী

قَالَ مَالِكَ لَا يَحِلُّ نِكَاحُ أَمَةٍ يَهُودِيَّةٍ وَلَا نَصْرَانِيَّةٍ لِأَنَّ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى يَقُولُ فِي كِتَابِهِ وَالْمُحْصَنَاتُ مِنْ الْذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ فَهُنَّ الْحَرَائِرُ مِنْ الْيَهُودِيَّاتِ وَالنَّصْرَانِيَّاتِ وَقَالَ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى وَمَنْ لَمْ يَسْتَطِعْ مِنْكُمْ طُولًا أَنْ يَنْكِحَ الْمُحْصَنَاتِ الْمُؤْمِنَاتِ فَمِنْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ مِنْ فَتَيَاتِكُمْ الْمُؤْمِنَاتِ فَمِنْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ مِنْ فَتَيَاتِكُمْ الْمُؤْمِنَاتِ فَمِنْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ مِنْ فَتَيَاتِكُمْ الْمُؤْمِنَاتِ وَلَمْ فَهُنَّ الْإِمَاءُ الْمُؤْمِنَاتِ الْمُؤْمِنَاتِ الْمُؤْمِنَاتِ وَلَا اللَّهُ فِيمَا نُرَى نِكَاحَ الْإِمَاءِ الْمُؤْمِنَاتِ وَلَمْ يَعِلْ الْيَهُودِيَّةِ وَالنَّصْرَانِيَّةٍ قَالَ مَالِكَ وَالْأَمَةُ الْيَهُودِيَّةُ وَالنَّصْرَانِيَّةٍ عَلَى اللَّهُ عِيمًا لَكِاتِ الْيَهُودِيَّةُ وَالنَّصْرَانِيَّةٍ عَلَى مَالِكَ وَالْأَمَةُ الْيَهُودِيَّةُ وَالنَّصْرَانِيَّةٍ عَلَى مَالِكَ وَالْأَمَةُ الْيَهُودِيَّةُ وَالنَّصْرَانِيَّة عَلَى الْيَمِينِ وَلَا يَحِلُّ وَطْءُ أَمَةٍ مَجُوسِيَّةٍ بِمِلْكِ الْيَمِينِ

বাংলা

মালিক (রহঃ) বলেনঃ ইহুদী ও খ্রীষ্টান ক্রীতদাসীকে বিবাহ করা হালাল নহে। কারণ আল্লাহ্ তাআলা কিতাবে ইরশাদ করিয়োছেনঃ

وَالْمُحْصَنَاتُ مِنَ الْمُؤْمِنَاتِ وَالْمُحْصَنَاتُ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلِكُمْ

এবং মু'মিন সচ্চরিত্রা নারী ও তোমাদের পূর্বে যাহাদিগকে কিতাব দেওয়া হইয়াছে, তাহদের সচ্চরিত্রা নারী তোমাদের জন্য বৈধ করা হইল (সূরা মায়িদাঃ ৫)। উহারা হইতেছেন ইহুদী ও খ্রিস্টান আযাদ মহিলাগণ।"

আল্লাহ্ তা'আলা আরো ইরশাদ করেনঃ

وَمَن لَّمْ يَسْتَطِعْ مِنكُمْ طَوْلًا أَن يَنكِحَ الْمُحْصَنَاتِ الْمُؤْمِنَاتِ فَمِن مَّا مَلَكَت أَيْمَانُكُم مِّن فَتَيَاتِكُمُ الْمُؤْمِنَاتِ

"তোমাদের মধ্যে কাহারও স্বাধীন ঈমানদার নারী বিবাহের সামর্থ্য না থাকিলে তোমরা তোমাদের অধিকারভুক্ত ঈমানদার নারী বিবাহ করিবে।" (সূরা নিসাঃ ২৫) ইহারা হইলেন মুমিনা ক্রীতদাসিগণ।



মালিক (রহঃ) বলেনঃ আমাদের মতে মু'মিন ক্রীতদাসিগণকেই আল্লাহ তা'আলা হালাল করিয়াছেন।

যাহাদিগকে কিতাব দেওয়া হইয়াছে (ইহুদী ও খ্রিস্টান) তাহাদের ক্রীতদাসিগণকে (আল্লাহ তা'আলা) হালাল করেন নাই।

মালিক (রহঃ) বলেনঃ ইহুদী ও খ্রিস্টান ক্রীতদাসগণের খরিদসূত্রে মালিক হইলে তবে মালিকদের জন্য উহারা হালাল হইবে।

মালিক (রহঃ) বলেনঃ ক্রয়সূত্রে মালিক হইলেও অগ্নিপূজারী দাসীর সহিত সহবাস করা হালাল নহে।

English

Malik said, "It is not halal to marry a christian or jewish slave-girl because Allah the Blessed, the Exalted, said in His Book, 'Believing women who are muhsanat and women of those who were given the Book before you who are muhsanat', (sura 5 ayat 6) and they are free women from the Christians and Jews. Allah, the Blessed, the Exalted, said in His Book, 'If you are not affluent enough to marry believing women who are muhsanat, take believing slave-girls whom your right hands own.' " (Sura 4 ayat 24)

Malik said, "In our opinion, Allah made marriage to believing slave-girls halal, and He did not make halal marriage to christian and jewish slave-girls from the People of the Book."

Malik said, "The christian and jewish slave-girl are halal for their master by right of possession, but intercourse with a magian slave-girl is not halal by the right of possession."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন